"ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা
www.dgfp.gov.bd

স্মারক নং-পপঅ/প্রশা-৪/ক:সা:/শোক দিবস/ (পার্ট-১)/২০১৯/ ২২৪৯ তারিখ : ০৭.০৮.২০১৯

বিষয়- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০১৯' পালন উপলক্ষে পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক গৃহীত কর্মসূচী সমূহ বাস্তবায়নার্থে অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি - কাজী আ. খ. ম. মহিউল ইসলাম, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), পরিবার পরিকল্পনা অধিদপ্তর
তারিখ ও সময় - ০৫.০৮.২০১৯, সকাল ১০.০০ মিনিট
স্থান - সভাকক্ষ, ২য় তলা, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
উপস্থিতি - পরিশিষ্ট 'ক'।

সভাপতি সভার শুরুতে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আগামী ১৫ আগস্ট 'জাতীয় শোক দিবস ২০১৯' পালন উপলক্ষে ২২.০৭.২০১৯ তারিখে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক গৃহীত কর্মসূচীসমূহ সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে গঠিত ৮টি উপ-কমিটি তাদের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে বাস্তবায়ন কমিটিকে অবহিত করে। সভাপতির আহবানে বাস্তবায়ন কমিটির সদস্য সচিব ও পরিচালক (প্রশাসন) জনাব মো: হেমায়েৎ হুসেন উপ-কমিটি সমূহের কর্মপরিধি অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি ও প্রস্তাবিত বাজেট সভাকে অবহিত করেন।

সভাপতি 'জাতীয় শোক দিবস ২০১৯' পালন উপলক্ষে উপ-কমিটি কর্তৃক স্ব স্ব কর্মপরিধি অনুযায়ী যথাযথ কর্মপরিকল্পনা প্রণয়ন করে তা বাস্তবায়নার্থে সঠিক পদক্ষেপ গ্রহণ করায় উপ-কমিটি সমূহের আহবায়ক ও সদস্য সচিবসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি আন্তরিকতা ও ভাবগাম্ভীর্য রক্ষা করে শোক দিবস পালনের জন্য গৃহীত সকল কর্মসূচী সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারিদের সক্রিয় থাকার আহবান জানান। সভাপতি উপ-কমিটি সমূহের আহবায়কগণের নিকট তাঁদের মতামত জানতে চাইলে ড. আশরাফুন্নেছা, পরিচালক (আইইএম) ও আহবায়ক, প্রচার উপ-কমিটি, জনাব মনোজ কুমার রায়, পরিচালক (এমআইএস) ও আহবায়ক, র‍্যালী আয়োজন ও পরিবহন উপ-কমিটি, ডা. মো: শরীফ, পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস) ও আহবায়ক, তবারক বিতরণ উপ-কমিটি, ডা. মো: মঈনুদ্দিন আহমেদ, লাইন ডাইরেক্টর (সিসিএসডিপি) ও আহবায়ক, অর্থ উপ-কমিটি বক্তব্য রাখেন এবং তাঁদের কার্যক্রম সম্পর্কে সভাকে বিস্তারিতভাবে অবহিত করেন।

বিস্তারিতভাবে আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

০১। আগামী ১৫ আগস্ট 'জাতীয় শোক দিবস ২০১৯' পালন উপলক্ষে মন্ত্রণালয়ের নির্দেশনা এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুসরণে সূর্যোদয়ের সাথে সাথে নীতিমালা অনুযায়ী জাতীয় পতাকা অর্ধনমিত রাখা; বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সামনে স্থাপিত জাতির পিতা **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান** এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ; পবিত্র কোরআন খতম, দোয়া, মিলাদ মাহফিল ও আলোচনা সভা আয়োজন; পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য পরিচর্যা সম্পর্কিত জাতির পিতার বাণী ও ছবি সম্বলিত ব্যানার/বিলবোর্ড/প্লেকার্ড প্রদর্শণ, শোক দিবসে বিভাগ, জেলা, উপজেলা ও ইউনিয়নসহ দেশের সর্বত্র দিনব্যাপী বিনামূল্যে চিকিৎসা (ডায়াগনস্টিক পরীক্ষাসহ) সেবা প্রদান প্রভৃতি কর্মসূচী সুষ্ঠুভাবে আয়োজন এবং সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারির অংশগ্রহণে যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্য রক্ষা করে বাস্তবায়ন করতে হবে।

০২। আগামী ১৫ আগস্ট 'জাতীয় শোক দিবস ২০১৯' পালন উপলক্ষে পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী গঠিত উপ-কমিটি সমূহ কর্তৃক প্রস্তাবিত কর্ম-পরিকল্পনা অনুমোদন করা হয়। উপ-কমিটি সমূহ অর্পিত দায়িত্ব এবং কর্ম-পরিকল্পনায় বর্ণিত কার্যক্রম যথাযথ মনিটরিং করে বাস্তবায়ন নিশ্চিত করবে।

০৩। আগামী ১৫ আগস্ট 'জাতীয় শোক দিবস ২০১৯' পালন উপলক্ষে মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসরণে পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক ইতোমধ্যে জারিকৃত পত্রের আদেশসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০৪। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ইউনিট প্রধান এবং অধিদপ্তরাধীন প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক শোক দিবস পালন উপলক্ষে গৃহীত কর্মসূচীতে সকল কর্মকর্তা-কর্মচারির উপস্থিতি সংক্রান্ত স্বাক্ষর সম্বলিত তালিকা ১৮.০৮.২০১৯ তারিখে প্রশাসন ইউনিটে দাখিলের ব্যবস্থা গ্রহণ করবেন।

০৫। উপস্থাপকের স্ক্রিপ্ট, প্রেস রিলিজ প্রণয়ন, গাড়ী পার্কিং, নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবস্থাপনা, মার্কিংসহ আসন বিন্যাস, লিফ্ট, নিরাপত্তা ব্যবস্থা প্রভৃতি বিষয়ে বিশেষ গুরুত্ব দিতে হবে। সংশ্লিষ্ট উপ-কমিটি অথবা সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারি এ বিষয়ে দায়িত্ব পালন ও অবহিত করবেন।

০৬। প্রচার উপ-কমিটি কর্তৃক দাওয়াত পত্র বিতরণ নিশ্চিত করতে হবে। ইতোমধ্যে অধিদপ্তর কর্তৃক বিভিন্ন স্থানে স্থাপিত এবং স্থাপিতব্য বঙ্গবন্ধুর বাণী ও ছবি সম্বলিত ব্যানার/বিলবোর্ড/প্লেকার্ড সঠিকভাবে রক্ষিত নাকি বিচ্ছিন্ন অবস্থায় আছে তা দায়িত্ব অর্পণ করে নিয়মিত মনিটরিংয়ের (ছুটিকালীন সময়সহ) ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৭। 'জাতীয় শোক দিবস ২০১৯' পালন উপলক্ষে উপ-কমিটি সমূহ তাঁদের কর্মসূচী বাস্তবায়নের ক্ষেত্রে জরুরী প্রয়োজনে নিম্নবর্ণিত কর্মকর্তা-কর্মচারিদের সাথে যোগাযোগ করতে পারবেন :

ক্রম.	নাম	পদবী	মোবাইল
০১.	মাহবুব আলম সিদ্দিকী	উপ পরিচালক (লিভ রিজার্ভ)	০১৭১২-৭৮৩৭৫৮
০২.	মো: মনিরুজ্জামান	সহকারী পরিচালক (কমন সার্ভিস)	০১৭১২-০৮০৮৬৪
০৩.	মো: মোশারফ হোসেন	টেলিফোন অপারেটর	০১৭০৮-৯২৭৪০৮
০৪.	মো: রায়হান	ইলেকট্রিশিয়ান	০১৭২৭-২৭৭৮৪১
০৫.	মো: ইদ্রিস আলী	লিফ্টম্যান	০১৭৩৭-৪৩০৪৪৫
০৬.	মোঃ আমিরুল ইসলাম	নিরাপত্তা প্রহরী	০১৭২৬-৯৪৩১৭১
০৭.	মো: আ: হান্নান	নিরাপত্ত প্রহরী	০১৯২১-০২২৩৪১
০৮.	পবিত্র চন্দ্র দাস	পরিচ্ছন্নতাকর্মী	০১৭১৮-৮৩৩২৮৪

০৮। **আগামী ১৪ আগস্ট ২০১৯ দুপুর ২.০০ ঘটিকায় সভাকক্ষে (২য় তলা, পরিবার পরিকল্পনা অধিদপ্তর) বাস্তবায়ন কমিটির চূড়ান্ত প্রস্তুতিমূলক ও অগ্রগতি পর্যালোচনা সভার তারিখ নির্ধারণ করা হয়। সকল উপ-কমিটি সমূহকে স্ব স্ব উপ-কমিটির অগ্রগতি প্রতিবেদনসহ সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।**

আর কোন আলোচনা না থাকায় আগামী ১৫ আগস্ট 'জাতীয় শোক দিবস ২০১৯' আন্তরিকতা ও ভাবগাম্ভীর্য রক্ষা করে পালনের আহবান ও ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ
(কাজী আ. খ. ম. মহিউল ইসলাম)
মহাপরিচালক

স্মারক নং- পপঅ/প্রশা-৪/ক:সা:/শোক দিবস/ (পার্ট-১)/২০১৯/ ২২৪৯ তারিখ : ০৭.০৮.২০১৯

অনুলিপি- সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :

১. পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল).....,ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
২. পরিচালক (সকল) পরিবার পরিকল্পনা ..... বিভাগ।
৩. তত্ত্বাবধায়ক, মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান (এমসিএইচটিআই), আজিমপুর, ঢাকা।
৪. পরিচালক, মোহাম্মদপুর ফার্টিলিটি সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টার (এমএফএসটিসি), মোহাম্মদপুর,ঢাকা।
৫. অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড ষ্টোরস), কেন্দ্রীয় পণ্যাগার, মহাখালী, ঢাকা ।
৬. উপ পরিচালক (সকল) পরিবার পরিকল্পনা, ... জেলা।
৭. অধ্যক্ষ, পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ প্রতিষ্ঠান, (এফডব্লিওভিটিআই), আজিমপুর, ঢাকা।
৮. নির্বাহী প্রকৌশলী, এইচইডি, ঢাকা বিভাগ, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা ।
৯. আহবায়ক ও সদস্য সচিব (সকল) .....উপ-কমিটি।

সভায় গৃহীত সিদ্ধান্ত নিজ ক্ষেত্রে প্রযোজ্য অংশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. বৈশাখী চৌধুরী, সহকারী মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।

০৭/৮/২০১৯

(মোঃ হেমায়েৎ হুসেন)
যুগ্ম সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
ও
পরিচালক (প্রশাসন)
পরিবার পরিকল্পনা অধিদপ্তর।